



রেজিস্ট্রারের কার্যালয়
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪



সূত্র : জাককানইবি/একাডেমিক/৩৪/০৭/পার্ট-১/১৯৮৮

তারিখ: ১৫/০৯/২০২১ খ্রি:

**এনআইডি নেই ১৮ বা ১৮ বছরের বেশি বয়সী এমন শিক্ষার্থীদের জন্মনিবন্ধন নম্বর প্রদানের
জন্য জরুরি বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সর্বশেষ ১৩/০৯/২০২১ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে উল্লেখিত নির্ধারিত ছকের মাধ্যমে দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ন্যায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ১৮ বা ১৮ বছরের বেশি বয়সী শিক্ষার্থীদের মধ্যে যাদের এনআইডি নেই তাদেরকে কোভিড-১৯ টিকা কার্যক্রমে অন্তর্ভুক্ত করার জন্য এতদসঙ্গে সংযুক্ত লিংকে গিয়ে যথাযথ তথ্য প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

কি কি তথ্য প্রদান করতে হবে তার লক্ষে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের জন্য একটি লিংক প্রদান করা হয়েছে। প্রত্যেক বিভাগ/দপ্তরকে এ বিষয়ে উদ্যোগ নিয়ে কার্যক্রমটি অতি দ্রুত সম্পন্ন পূর্বক সময়মত তথ্য প্রদান করে শিক্ষার্থীবান্ধব জাতীয় সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। নির্ধারিত ছক মোতাবেক তথ্য আগামী ১৮/০৯/২০২১ তারিখ শনিবারের মধ্যে দিতে হবে।

এ বিষয়টি অত্যন্ত জরুরি এবং বিশ্ববিদ্যালয় খোলার সাথে সম্পর্কযুক্ত বিধায় সংশ্লিষ্ট সকলকে অধিকতর প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

(কৃষিবিদ ড. মোঃ হুমায়ুন কবীর)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ।

মোবাইল-০১৭১৫-২৮১৮৯২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

মাননীয় ট্রেজারার, সকল অনুষদীয় ডিন, সকল বিভাগ ও দপ্তর প্রধানবৃন্দ (উপাচার্য মহোদয়কে সদয় অবগতকরণসহ)।